

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



স্কুল থেকে ফলপ্রসূ পেশার পথ-পরিক্রমা তৈরিকরণ

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমরা চাই, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের প্রতিটি শিক্ষার্থী তার সম্মুখে উপস্থিত বলিষ্ঠ ভবিষ্যতের পথে যাত্রা করতে প্রস্তুত - এই অনুভূতি নিয়ে সে সমাপনী উৎসবের স্টেজ থেকে নামবে। সত্য হচ্ছে, এটা শুধুমাত্র তখনই ঘটতে পারে যদি স্কুলে যা হচ্ছে এবং যে একবিংশ শতাব্দীর কর্মশক্তিতে তারা যোগ দেয়ার প্রত্যাশা করছে সেটার মাঝে সংযোগ দেখতে আমরা শিক্ষার্থীদের সহায়তা করি। এই সপ্তাহে, আমি আনন্দের সাথে ঠিক তাই করে এরকম একটি উদ্যোগ শেয়ার করছি।

6 মার্চ সিটির দ্বিতীয় [পেশা অন্বেষণ বা ক্যারিয়ার ডিসকভারি সপ্তাহ](#) শুরু হচ্ছে, এটি এমন একটি উদ্যোগ যা পেশা অন্বেষণের উদ্দেশ্যে একটি দিনে পাবলিক স্কুলের শিক্ষার্থীদের কর্মক্ষেত্রের বিন্যাসে নিয়ে আসে। সম্ভাব্য পেশাসমূহে নিমজ্জিত হতে এবং কাছাকাছি দেখার জন্য, প্রায় 70-টি পাবলিক স্কুল থেকে 2,400 -এর অধিক দশম গ্রেডের শিক্ষার্থীরা দিনব্যাপী সিটির কিছু অগ্রগামী চাকুরিদাতাদের সম্পৃক্তমূলক পরিদর্শন করবে।

পুরো সপ্তাহ জুড়ে, 85-টির অধিক কর্পোরেশন এবং অন্যান্য সংগঠন শিক্ষার্থীদের জন্য দিনব্যাপী কর্মসূচির আয়োজন করবে, যাতে রয়েছে নির্বাহী-নেতৃত্বাধীন ক্যারিয়ার প্যানেল, কর্মক্ষেত্র পরিদর্শন, সম্পৃক্তমূলক প্রযুক্তি প্রদর্শন, কার্য-ভিত্তিক গ্রুপ চ্যালেঞ্জ, এবং আরো অনেক কিছু। উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা গুগল-এ একটি কোডিং সেশন-এ, Verizon-এ রেজ্যুমে

লেখার কর্মশালা বা ওয়ার্কশপে, NBA/WNBA সদর দপ্তরে ব্যক্তিগত ব্র্যান্ডিং এবং বাস্কেটবল ব্যবসা সম্পর্কে জানতে, এবং ন্যাশনাল গ্রিড-এ (National Grid) চাকরির আবেদনের কর্মশালায় অংশগ্রহণ করতে পারে।

আমরা একসাথে কাজ করলে কী অর্জন করতে পারি, পেশা অন্বেষণ সপ্তাহ (ক্যারিয়ার ডিসকভারি উইক), তারই একটি উদাহরণ। আমাদের শিক্ষার্থীদের এসব জীবন-পরিবর্তনকারী সুযোগসমূহ প্রদানের জন্য আমি [পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটি](#) এবং সিটির অগ্রগামী চাকুরিদাতাদের ধন্যবাদ জানাই। এছাড়াও এই সপ্তাহের অনুষ্ঠানগুলো [NYC পাবলিক স্কুলস্-এর শিক্ষার্থী পথ-পরিক্রমার উদ্যোগসমূহের](#) অংশ, যা শিক্ষার্থীদের হেলথ কেয়ার, টেকনোলজি, এবং বিজনেস্-এর মত উচ্চ-পসার, উচ্চ-বেতনের খাত বা সেকটরগুলোতে কাজ করার জন্য প্রস্তুত করছে।

এসব অংশীদারিত্বের মাধ্যমে, আমাদের শিক্ষার্থীরা সেসব পেশাদারদের সাথে সংযোগ স্থাপন করছে, যারা মেন্টর হিসেবে কাজ করতে পারেন, ভবিষ্যতে চাকুরির আবেদনে সুপারিশ প্রদান করতে পারেন, এবং স্কুলের বাহিরে একটি বিস্তৃত যোগসূত্র স্থাপন তৈরি করতে পারেন। আমরা যখন আমাদের শিক্ষার্থীদের মাঝে এসব বিনিয়োগ করি, তখন আমরা শুধুমাত্র তাদের ভবিষ্যতের প্রতি নয়, বরং আমাদের সিটি এবং জাতির ভবিষ্যতের প্রতি বিনিয়োগ করি।

আমরা আমাদের শিক্ষার্থীদের জন্য হাই স্কুলকে প্রাসঙ্গিক ও অর্থবহ করতে অঙ্গীকারবদ্ধ—যেন তারা প্রকৃতপক্ষেই এটিকে একটি ফলপ্রসূ পেশা এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক নিরাপত্তার পথ পরিক্রমা হিসেবে দেখে।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও



এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।

*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।